এখানে ■ চিহ্নের সাহায্যে 'বাংলা'র পুরাতন সিলেবাসের প্রশ্নসমূহকে চিহ্নিত করা হয়েছে।

## বি-১ ইউনিট (কলা ও মানববিদ্যা অনুষদ)

প্রথম বর্ষ বি.এ. (অনার্স)

শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬

### বাংলা-৩০

**১. কোনটি অলুক তৎপুরুষের উদাহরণ?**

ক. গায়েহলুদ খ. দেশে-বিদেশে
গ. বিড়ালচোখা ঘ. সোনার বাংলা

**ব্যাখ্যা: তৎপুরুষ সমাসের বিশেষ বৈশিষ্ট্যাবলীঃ-**
১. পরপদের অর্থের প্রাধান্য থাকে এবং পূর্বপদ থেকে বিভক্তি চিহ্ন লোপ পেয়ে যে সমাস হয় তা তৎপুরুষ সমাস।
যেমন: বিপদকে আপন্ন=**বিপদাপন্ন**; এখানে ১ম পদ 'বিপদ' কে বোঝানো হয়নি বরং বিপদে যে ব্যক্তি আপন্ন হয়েছে সে ব্যক্তিকে বোঝানো হয়েছে এবং এক্ষেত্রে পরপদের অর্থ প্রাধান্য পেয়েছে। এছাড়াও যেহেতু পূর্বপদ থেকে দ্বিতীয়া বিভক্তি লোপ পেয়েছে তাই এটি দ্বিতীয়া তৎপুরুষ সমাস।
২. ব্যাস বাক্যে 'ব্যাপিয়া' থাকলে ২য়া তৎপুরুষ সমাস। যেমন:- চিরকাল ব্যাপিয়া সুখী-**চিরসুখী**, এরূপ- **ক্ষণস্থায়ী, জীবনানন্দ**।
৩. ব্যাস বাক্যে 'জন্য বা নিমিত্ত' থাকলে ৪র্থী তৎপুরুষ সমাস হয়।
যেমন: বিয়ের জন্য পাগল-বিয়েপাগল, এরূপ: **বসতবাড়ি, আরামকেদারা**
৪. উপপদ তৎপুরুষ সমাস:- গৃহস্থ, **পঙ্কজ, ছেলেধরা**, পাকেটমার, ধামাধরা ইত্যাদি।
৫. নঞ তৎপুরুষ সমাস:- ব্যাস বাক্যের শুরুতে ন, নয়, নেই ইত্যাদির যে কোন একটি থাকলে এবং শেষে 'যে বা যার' না থাকলে নঞ তৎপুরুষ সমাস। যেমন: নয় ক্ষয় = অক্ষয় এরূপ-**অনেক, অনুচিত**।
৬. অলুক তৎপুরুষ সমাস:- যে তৎপুরুষ সমাসের পূর্ব পদের দ্বিতীয়া বিভক্তি লোপ পায় না তাকে অলুক তৎপুরুষ বলে। যেমন - ঘোড়ার ডিম, খবরের কাগজ, সোনার বাংলা, তাসের ঘর, ঘিয়ে ভাজা, কলের গান, কলুর বলদ।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**২. 'রৌদ্র করোটিতে' কাব্যগ্রন্থের রচয়িতা কে?**

ক. সৈয়দ আলী আহসান খ. শামসুর রহমান
গ. আল মাহমুদ ঘ. হাসান হাফিজুর রহমান

**ব্যাখ্যা: শামসুর রাহমানের উল্লেখযোগ্য-**
•**কাব্যগ্রন্থ** :- প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, বন্দী শিবির থেকে, শূন্যতায় তুমি, শোকসভা, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, উদ্ভট উটের পিঠে চলছে স্বদেশ, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, আমি অসহায়, এক ফোঁটা কেমন অনল।
**সঠিক উত্তর ঃ খ.**

**৩. 'অনেক কষ্ট করে অনেক আশা নিয়ে ভর্তি পরীক্ষা দিতে এসেছি।'- কোন ধরনের বাক্য?**

ক. যৌগিক খ. জটিল গ. সরল ঘ. কার্যকারণবাচক

**সঠিক উত্তর ঃ গ.**

**৪. নূপুরের ধ্বনিকে এককথায় কী বলে?**

ক. নিক্বণ খ. টঙ্কার গ. গুঞ্জন ঘ. হুঙ্কার

**ব্যাখ্যা:** নূপুর/বীণার ধ্বনি - নিক্বণ
বাদ্যযন্ত্রের ধ্বনি - ঝংকার
মধুর ধ্বনি - কলতান
কুকুরের ডাক - বুক্কন
সিংহের ডাক - হুঙ্কার
ধনুকের ধ্বনি- টংকার
গম্ভীর ধ্বনি- মন্দ্র
ভ্রমরের শব্দ- গুঞ্জন
অলংকারের ধ্বনি- শিঞ্জন
ঢেউয়ের শব্দ- কল্লোল
**সঠিক উত্তর ঃ ক.**

**৫. 'খ্রিস্টাব্দ' শব্দটি কোন কোন ভাষার শব্দ যোগে মিলে গঠিত?**

ক. ইংরেজি + তৎসম খ. ইংরেজি + বাংলা
গ. তৎসম + তৎসম ঘ. বাংলা + বাংলা

**ব্যাখ্যা:** খ্রিস্টাব্দ শব্দটি ইংরেজি ও তৎসম শব্দের মিশ্রণে গঠিত হয়েছে।
**সঠিক উত্তর ঃ ক.**

**৬. জসীমউদ্দীনের কোন কাব্যগ্রন্থ বিভিন্ন বিদেশি ভাষায় অনূদিত হয়েছে?**

ক. সোজন বাদিয়ার ঘাট খ. বালুচর
গ. নকশী কাঁথার মাঠ ঘ. ধানখেত

**ব্যাখ্যা:** জসীমউদ্দীনের বিখ্যাত কাব্যগ্রন্থ 'নকশী কাঁথার মাঠ' ইংরেজীতে অনুবাদ করেন E.M.Milford এর নাম দেন- 'Field of the Embroidery Quilt'.
**সঠিক উত্তর ঃ গ.**

**৭. 'জ্যোৎস্না ও জননীর গল্প' উপন্যাসটি কে লিখেছেন?**

ক. হুমায়ুন আজাদ খ. হুমায়ুন আহমেদ
গ. শওকত ওসমান ঘ. আলাউদ্দিন আল আজাদ

**ব্যাখ্যা: হুমায়ুন আহমেদ এর-**
•**উপন্যাস** : নন্দিত নরকে, শঙ্খনীল, কারাগারে, আগুনের পরশমনি, জোছনা ও জননীর গল্প, নক্ষত্রের রাত, রজনী, আজ রবিবার ইত্যাদি।
'জ্যোৎস্না ও জননীর গল্প' হুমায়ূন আহমেদ এর বিখ্যাত মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস।
**সঠিক উত্তর ঃ খ.**

**৮. 'ডেঙ্গু'-শব্দটি কোন ভাষার শব্দ?**

ক. আরবি খ. জাপানি গ. চীনা ঘ. স্পেনীয়

**ব্যাখ্যা:** 'ডেঙ্গু' শব্দটি স্পেনীয় শব্দ 'ডেঙ্গু' শব্দ হতে এসেছে। যার অর্থ খুঁতখুতে বা সাবধানী। যা ডেঙ্গু জ্বরের হাড়ের ব্যথায় আক্রান্ত ব্যক্তি চলনকে নির্দেশ করে।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**৯. কোন বাগধারাটির অর্থ আলাদা?**

ক. অহিনকুল সম্বন্ধ খ. আদায়-কাঁচকলায়
গ. সাপে-নেউলে ঘ. তেলেজলে

**ব্যাখ্যা:** অহিনকুল সম্বন্ধ, আদায়-কাঁচকলায়, সাপে নেউলে, এ বাগধারা গুলোর অর্থ ভীষণ শত্রুতা। তেলেজলে শব্দের অর্থ- অমিল।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**১০. 'দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার'- কোন কবিতার পঙ্ক্তি?**

ক. জীবন বন্দনা খ. একটি ফটোগ্রাফ
গ. বাংলাদেশ ঘ. আঠারো বছর বয়স

**ব্যাখ্যা:** সুকান্ত ভট্টাচার্য রচিত 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লেখযোগ্য একটি পংক্তি হল-

আঠারো বছর বয়স যে দুর্বার
পথে প্রান্তরে ছোটায় বহু তুফান
দুর্যোগে হাল ঠিকমত রাখা ভার
ক্ষত-বিক্ষত হয় সহস্র প্রাণ।

**সঠিক উত্তর ঃ ঘ.**

**১১. কোন চরিত্রে লেখকের জীবনের ছায়াপত ঘটেছে?**

ক. তপু খ. অপু গ. ন্যাড়া ঘ. মোদাব্বের

**ব্যাখ্যা:** শরৎচন্দ্রের 'বিলাসী' গল্পটি প্রথমে প্রকাশিত হয় 'ভারতী' পত্রিকায় ১৩২৫ বঙ্গাব্দের (১৯১৮ খ্রিস্টাব্দ) বৈশাখ সংখ্যায়। 'ন্যাড়া' নামের এক যুবকের নিজের জবানিতে বিবৃত হয়েছে এ গল্প। এই গল্পের 'ন্যাড়া' চরিত্রে শরৎচন্দ্রের প্রথম জীবনের ছায়াপাত ঘটেছে।
**সঠিক উত্তর ঃ গ.**

**১২. 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পের পটভূমি কী?**

ক. ভাষা আন্দোলন খ. গণ-অভ্যুত্থান গ. মুক্তিযুদ্ধ ঘ. দেশবিভাগ

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**১৩. চট্টগ্রামে জন্মগ্রহণকারী বিখ্যাত পুঁথি সংগ্রাহক কে?**

ক. আবুল ফজল খ. মাহবুবুল আলম
গ. আবদুল করিম সাহিত্যবিশারদ ঘ. শাহ্ আবদুল করিম

**ব্যাখ্যা:** আবদুল করিম সাহিত্য বিশারদ সম্পর্কে উল্লেখযোগ্য তথ্য-
• **জন্ম** - ১৮৭১ সালে চট্টগ্রামের পটিয়া মহকুমার সুচক্রদন্তী গ্রামে।
• বাংলা সাহিত্যের প্রাচীন ইতিহাস রচয়িতা ছিলেন তিনি এবং বাংলা পুঁথির সংগ্রাহক ও ব্যাখ্যাকার ছিলেন তিনি।
• 'ইসলামাবাদ' নামে চট্টগ্রামের ইতিহাস ও সংস্কৃতি নিয়ে গ্রন্থ রচনা করেন।
• 'আরকান রাজসভায় বাঙ্গালা' শীর্ষক বইটি ডক্টর মুহাম্মদ এনামুল হকের সাথে যৌথভাবে রচনা করেন।
**সঠিক উত্তর ঃ গ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. 'কমলাকান্তের জোবানবন্দি' কোন ধরনের রচনা?
ক. আত্মস্মৃতি খ. নকশাধর্মী
গ. রম্যরচনা ঘ. মননশীল প্রবন্ধ
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

১৫. কোনটি নজরুলের রচনা নয়?
ক. দেনাপাওনা খ. কুহেলিকা গ. মৃত্যুক্ষুধা ঘ. বাঁধনহারা
ব্যাখ্যা: কাজী নজরুলের রচিত উপন্যাস - ৩টি। যথা- বাঁধনহারা, কুহেলিকা, মৃত্যুক্ষুধা, (সংক্ষেপে- বাকুম্)
সঠিক উত্তর ঃ ক.

১৬. কোন শব্দটির বানান শুদ্ধ?
ক. সহযোগীতা খ. কৃতিত্ব গ. স্থায়ীত্ব ঘ. নিষ্ফল
ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বানান-

| | | | | |
|---|---|---|---|---|
| সহযোগিতা | স্থায়ী | স্থায়িত্ব | নিষ্ফল | ব্যতীত |
| শ্বশ্রূ | প্রোজ্জ্বল | নৈর্ঋত | প্রতিদ্বন্দ্বী | প্রতিদ্বন্দ্বিতা |

সঠিক উত্তর ঃ খ.

১৭. কোনটি রবীন্দ্রনাথের লেখা কাব্যগ্রন্থ নয়?
ক. বলাকা খ. ক্ষণিকা গ. চক্রবাক ঘ. পুনশ্চ
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রধান কাব্যগ্রন্থ- সোনার তরী, চিত্রা, চৈতালী, কল্পনা, ক্ষণিকা, গীতাঞ্জলি, বলাকা, পূরবী, পুনশ্চ, পত্রপুট, সেঁজুতি।
কাজী নজরুল ইসলাম রচিত প্রধান কাব্যগ্রন্থ - অগ্নিবীণা, বিষের বাঁশি, সাম্যবাদী, চক্রবাক, সর্বহারা, সন্ধ্যা, ফণিমনসা, জিঞ্জির।
সঠিক উত্তর ঃ গ.

১৮. 'কলিমদ্দি দফাদার' গল্পে পাকিস্তানি হানাদার বাহিনী কোথায় আক্রান্ত হয়?
ক. স্কুল ঘরে খ. পুলের কাছে গ. বাঁশঝাড়ে ঘ. জঙ্গলের মধ্যে
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

১৯. 'সাহিত্যের লক্ষ্য আনন্দদান'- এই মত কে পোষণ করেন?
ক. প্রমথ চৌধুরী খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ক.

২০. সেমিকোলন চিহ্ন কোনটি?
ক. ঃ খ. ; গ. :- ঘ. :
ব্যাখ্যা: কমা (,) ; সেমিকোলন (;) ; কোলন (:); ড্যাশ (—) ; হাইফেন (-)।
সঠিক উত্তর ঃ খ.

২১. কোন কবি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন?
ক. আল মাহমুদ খ. নির্মলেন্দু গুণ
গ. সৈয়দ আলী আহসান ঘ. শামসুর রাহমান
ব্যাখ্যা: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পাঠদানকারী কবি ও সাহিত্যিক-
- হুমায়ুন আজাদ - ১৯৭০ সালে বাংলা বিভাগের প্রভাষক হন।
- আনিসুজ্জামান - ১৯৬৭ সালে বাংলা বিভাগে যোগ দেন।
- আহমদ শরীফ - ১৯৮৪ সালে সম্মানিত 'নজরুল অধ্যাপক' পদে যোগ দেন।
- মুর্তজা বশীর - ১৯৭৩ সালে চারুকলা বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগ দেন।
- সৈয়দ আলী আহসান - ১৯৬৮ সালে বাংলা বিভাগের অধ্যাপক হিসেবে যোগ দেন।
- আবুল ফজল - ১৯৭৩ সালে উপাচার্য হন।
- আলাউদ্দীন আল আজাদ - ১৯৯০ সালে নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক হন।

সঠিক উত্তর ঃ গ.

২২. 'জাগো অগণন ক্ষুধিত মুখের নীরব ভ্রূকুটি হেরি!'- কোন কবিতার পঙ্ক্তি?
ক. জীবন বন্দনা খ. পাঞ্জেরি
গ. আমার পূর্ব বাংলা ঘ. আঠারো বছর বয়স
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

২৩. 'বঙ্গভাষা' কবিতার প্রতিটি চরণের মাত্রা সংখ্যা কয়টি?
ক. ১৪ মাত্রা খ. ৬ মাত্রা গ. ৮ মাত্রা ঘ. ১৬ মাত্রা
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ক.

২৪. Nationalism শব্দের বাংলা পরিভাষা কোনটি?
ক. জাতীয়তা খ. জাতিত্ব গ. জাতীয়তাবাদ ঘ. জাতিবাচক
ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-

| | |
|---|---|
| Nationalism - জাতীয়তাবাদ | Treasurer - কোষাধ্যক্ষ |
| Whirlpool - ঘূর্ণি | Trilogy - ত্রয়ী |
| Vocation - বৃত্তি | Scroll - লিপি |
| Virile - পুরুষোচিত | Sanction - মঞ্জুরি |
| Vivid - প্রাণবন্ত | Subjudice - বিচারাধীন |

সঠিক উত্তর ঃ গ.

২৫. পণপ্রথার নেতিবাচক দিক ফুটে উঠেছে কোন গল্পে?
ক. বিলাসী খ. অপরাহ্নের গল্প
গ. একুশের গল্প ঘ. হৈমন্তী
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ঘ.

২৬. কোন রচনায় নারী জাগরণের প্রসঙ্গ আলোচিত হয়েছে?
ক. হৈমন্তী খ. বিলাসী
গ. যৌবনের গান ঘ. অর্ধাঙ্গী
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ঘ.

২৭. 'ঈর্ষা' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অসূয়া খ. তুঙ্গ গ. পাবক ঘ. ময়ুখ
ব্যাখ্যা: ঈর্ষা- অসূয়া, দ্বেষ, হিংসা।
সঠিক উত্তর ঃ ক.

২৮. কোনটিতে বাংলা কৃৎ প্রত্যয়ের উদাহরণ রয়েছে?
ক. জুতানো, পাগলামি খ. শোচনীয়, লিখিত
গ. বাছাই, গাইয়ে ঘ. দৈহিক, অগ্রিম
সঠিক উত্তর ঃ গ.

২৯. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন কোন ঋতুর প্রসঙ্গ এসেছে?
ক. গ্রীষ্ম ও বর্ষা খ. শরৎ ও হেমন্ত
গ. বসন্ত ও গ্রীষ্ম ঘ. শীত ও বসন্ত
ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
ফলের উল্লেখ আছে - ২টি - বাতাবি নেবু, আম।
ঋতুর উল্লেখ আছে- ২টি - শীত, বসন্ত।
মাসের নাম উল্লেখ আছে - ১টি - ফাল্গুন।
সঠিক উত্তর ঃ ঘ.

৩০. কোন লেখক চলচ্চিত্র পরিচালক হিসেবেও খ্যাতি অর্জন করেন?
ক. শামসুর রাহমান খ. জহির রায়হান
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. জসীমউদ্দীন
ব্যাখ্যা: জহির রায়হান পরিচালিত চলচ্চিত্র-
কখনও আসেনি (প্রথম চলচ্চিত্র), কাঁচের দেয়াল, সঙ্গম (প্রথম রঙ্গিন চলচ্চিত্র), জীবন থেকে নেওয়া (ভাষা আন্দোলন ভিত্তিক), Stop Genocide, Let There Be Light (প্রামাণ্যচিত্র)
সঠিক উত্তর ঃ খ.

৩১. 'ধূমকেতু' নামের পত্রিকা সম্পাদনার সঙ্গে যুক্ত ছিলেন কে?
ক. কাজী নজরুল ইসলাম খ. জহির রায়হান
গ. হুমায়ুন আহমেদ ঘ. প্রমথ চৌধুরী
ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম নবযুগ ও ধুমকেতু পত্রিকার সম্পাদক ছিলেন।
সঠিক উত্তর ঃ ক.

৩২. 'সাপের পাঁচ পা দেখা'- প্রবাদ-প্রবচনটি কী অর্থ প্রকাশ করে?
ক. অসম্ভব কষ্ট পাওয়া খ. অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা
গ. অদ্ভুত স্বপ্ন দেখা ঘ. প্রচণ্ড ভয় পাওয়া
ব্যাখ্যা: সাপের ছুঁচো গেলা - উভয় সংকটে পড়ে।
সাপের ছুঁচো পা দেখা - গর্বে অন্ধ হওয়া।
সাপের পাঁচ পা দেখা - অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা।
সঠিক উত্তর ঃ খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৩৩. বাংলা একাডেমি ভবনের পূর্বনাম কী ছিল?**
ক. নজরুল ভবন  খ. বর্ধমান হাউস
গ. সাহিত্য ভবন  ঘ. কলাভবন

**ব্যাখ্যা:** তৎকালীন পূর্বপাকিস্তানের প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন 'বর্ধমান হাউসকে' ১৯৫৫ সালের ৩ রা ডিসেম্বর বাংলা একাডেমি সদর দপ্তর হিসেবে ঘোষণা করা হয়।
• প্রথম সভাপতি - মাওলানা আকরাম খাঁ।
• প্রথম পরিচালক - ড. মুহাম্মদ এনামুল হক।
**সঠিক উত্তর ঃ খ.**

**৩৪. সংস্কৃত উপসর্গ যোগে গঠিত শব্দের উদাহরণ কোনটিতে রয়েছে?**
ক. চলন্ত, পাগলামি  খ. বদনাম, গরমিল
গ. প্রভাত, পরাজয়  ঘ. হাভাত, অনামুখো

**ব্যাখ্যা:** সংস্কৃতি বা তৎসম উপসর্গ মোট- ২০টি
মনে রাখার সহজ টেকনিক-
অতি প্রবিণ অধিপতি তার আদুর-এ ও পরানের মেয়ে অপি পরি ও অবনির চাইতে অপরাধী ছেলে অনু ও অভির উপর প্রতিদিন বিসম উৎসুক ছিলেন।
আদুর- 'আ' ও 'দুর'; পরানের- 'পরা' ও 'নির'।
**সঠিক উত্তর ঃ গ.**

**৩৫. কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?**
ক. লক্ষ্যণীয়  খ. সৌন্দর্যতা
গ. উপলক্ষ্য  ঘ. সুবুদ্ধিমান

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু শব্দের শুদ্ধরূপ-**

| | | | | |
|---|---|---|---|---|
| লক্ষণীয় | সৌন্দর্য | উপলক্ষ্য | লক্ষ্যমাত্রা | বুদ্ধিমান |
| সচ্ছল | সামর্থ্য | স্বতঃস্ফূর্ত | স্মরণিকা | শৌখিন |

**সঠিক উত্তর ঃ গ.**

## English-35

**Choose the alternative (A, B, C, or D) that best completes the following:**
**Read the following passage and answer the following questions (1-7):**

While everybody enjoys fresh cut flowers around their house, few people know how to keep them for as long as possible. This may be done by keeping in mind a few simple facts. An important thing to remember about cut flowers is that they are sensitive to temperature. For example, studies have shown that cut carnations retain their freshness eight **(Line-5)** times longer when kept at 12°C than when kept at 26°C. Keeping freshly harvested flowers at the right temperatures is probably the most important aspect of flower care.

Flowers are not intended by nature to live very long. Their biological purpose is simply to attract birds or insects, such as bees, for pollination. After that, they quickly *wither* and die The process by which flowers consume oxygen and emit carbon dioxide, called *respiration*, **(Line-10)** generates the energy the flower needs to give the flower its shape and colour. Respiration also brings about the eventual death of the flower, thus the greater the level of respiration, the sooner the flower dies. Thus by maintaining low temperatures, respiration is minimized and the cut flower will age more slowly.

Yet another vital factor in keeping cut flower is the quality of the water in which they **(Line-15)** are placed. Flowers find it difficult to 'drink' water that is dirty or otherwise *contaminated*.

Even when water looks and smells clean, it almost certainly contains bacteria and fungi that can endanger the flowers. To rid the water of these unwanted germs, household chlorine bleach can be used in small quantities. It is recommended that 15 drops of chlorine bleach (at 4 per cent solution) be added to each litre of water. The water and solution **(Line-20)** should also be replaced each day.
When buying cut flowers, look for ones that have not been kept (by the flower shop) in direct sunlight or strong wind. If flowers are not freshly harvested, ask whether they have been stored in a refrigerated cool room.

**1. To keep flowers fresh we should keep them ______.**
A. close to sunlight and strong wind
B. in 12°C
C. in chlorine bleach
D. in low temperature

**ব্যাখ্যাঃ** Passage বলা আছে - Studies have.......... freshness eight times longer when kept at 12°C than when kept at 26°C অর্থাৎ কম তাপমাত্রায় রাখলে ফুলের সজীবতা বেশী থাকে। এখানে exact temperatures নির্দেশ করে দেওয়া হয়নি। তাই (A), (B), (C) ভুল।
**Ans : D.**

**2. Which of the following is true?**
A. Cut flowers retain freshness at 26° C.
B. Rapid respiration keeps cut flowers fresh.
C. Water that looks fresh and clean may not keep cut flowers fresh.
D. Natural environment helps cut flowers remain fresh for a very long time.

**ব্যাখ্যাঃ** Passage এর তৃতীয় Para তে বলা আছে- "Even when water looks and smells clean, it almost certainly contains bacteria and fungi that can endanger the flowers" সে হিসেবে অপশন (C) সঠিক।
**Ans : C.**

**3. Which of the following is not responsible for the death of flowers?**
A. Temperature sensitivity  B. Process of nature
C. Respiration  D. Wholesome water

**ব্যাখ্যাঃ** Wholesome water - স্বাস্থ্যকর/ভালো পানি ফুলের মৃত্যুর কারণ হতে পারে না।
**Ans : D.**

**4. The word 'contaminated' in line 16 is closest in meaning to ______**
A. impurity  B. contingent
C. unfresh  D. tainted

**ব্যাখ্যাঃ** Contaminated - দূষিত, Tainted - দূষিত
**Synonym** - Befoul, Pervert, Spoil, Taint, Vitiate
**Antonym**- Clean, Purify, Sterilize
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়

**5. Which of the following does not the author suggest for keeping flowers fresh?**

A. Pollination B. Controlling temperature
C. Using chlorine bleach D. Refrigeration

ব্যাখ্যাঃ Flower এর freshness এর জন্য Passage এ কোথাও Refigeration এর কথা উল্লেখ করা হয় নি।
**Ans : D.**

**6. The word 'wither' in line 8 is opposite in meaning to ____.**

A. droop B. flash C. bloom D. sparkle

ব্যাখ্যাঃ Wither - শুকিয়ে যাওয়া, বিবর্ণ হয়ে যাওয়া
**Synonym**- Collapse, Decay, Dry, Shrink,
**Antonym** - Bloom, Grow
**Ans : C.**

**7. Respiration is a process _______.**

A. in which flowers release carbon dioxide.
B. that helps flowers grow shape and colour.
C. which is responsible for the decay of the flowers.
D. All of the above.

ব্যাখ্যাঃ দ্বিতীয় Para তে Respiration এর বর্ণনা দেওয়া আছে। এর মধ্যে অপশনের (A) (B) (C) সবগুলোই অর্ন্তভুক্ত আছে।
**Ans : D.**

***Identify the faulty part (A, B, C or D) in the following questions (8-17)***

8. They are planning on (A) attending (B) the convention next (C) month, and so I am (D).

ব্যাখ্যাঃ Affirmative agreement এর উদাহরণ। অপশন (D) তে so am I হবে।
**Ans : D.**

9. He has less (A) friends in his class (B) now than (C) he had last year (D).

ব্যাখ্যাঃ Few, Fewer - Countable Noun এর ক্ষেত্রে বসে।
Little, Less - Uncountable Noun এর ক্ষেত্রে বসে।
Friends, Countable noun তাই। অপশন (A) তে fewer হবে।
**Ans : A.**

10. The new technique calls (A) for heating (B) the mixture before apply (C) it to the wood (D).

ব্যাখ্যাঃ Before/After এর পর সরাসরি verb থাকলে উক্ত verb টি ing যুক্ত হয়।
**Ans : C.**

11. The (A) lion has long (B) been a (C) symbol of strength, power, and it is very cruel (D).

ব্যাখ্যাঃ অপশন (D) তে parallelism এর ভুল রয়েছে। and এর পূর্বে strength (noun) এবং power (noun) দেয়া আছে তাই and এর পরেও noun বসাতে হবে। অপশন (D) তে cruelty হবে।
**Ans : D.**

12. After driving (A) for twenty miles, he suddenly realized (B) that he has been driving (C) in (D) the wrong direction.

ব্যাখ্যাঃ Sentence টি past tense এ দেয়া আছে তাই অপশন (C) তে has been না বসিয়ে had been বসাতে হবে।
**Ans : C.**

13. The prime minister emphasized the need (A) for justice (B) and equality between (C) his/her people (D).

ব্যাখ্যাঃ দুজন ব্যক্তির মধ্যে তুলনা বা বন্টন অর্থে between হয়। কিন্তু দুইয়ের অধিক বুঝাতে among হয়। সুতরাং অপশন (C) তে between না হয়ে among হবে।
**Ans : C.**

14. All (A) the students got their selves (B) ready for the long camping (C) trip by spending their weekends living (D) in the open.

ব্যাখ্যাঃ অপশন (B) এ themselves হবে।
**Ans : B.**

**15. The progress (A) made (B) in space (C) travel for (D) the early 1960s is remarkable.**

ব্যাখ্যাঃ

| At | On | In |
|---|---|---|
| Times - At 8pm, At midnight Holiday - At chirismas, At night At launch time At weekend | Day - On Monday, On my birthday. Day + morning/ afternoon/ evening/ night OnTuesday morning. Dates : On the 20th of June | Year : In 1971, In 2016 Month : In December Decade : In the sixties, In the 1990s Centuries : In the 19th century Seasons : In winter, In the morning, In the evening |

সুতরাং এখানে অপশন (D) তে Decade এর আগে in বসবে।
**Ans : D.**

16. After studying (A) the new books (B) the girl was (C) capable to rise (D) her score by thirty-five points.

ব্যাখ্যাঃ Sentence এর শেষে Object/Complement থাকায় transitive verb হিসেবে অপশন (D) তে 'raise' বসবে।
**Ans : D.**

17. Neither of the (A) scout leaders know (B) how to trap wild animals or (C) how to prepare them for mounting (D).

ব্যাখ্যাঃ Rule : Either of/ Neither of + Determiner + Plural noun.
Neither of my friends came to class today.
অনুরূপভাবে Neither of the scout leaders knows......
**Ans : B.**

**Choose the alternative (A, B, C or D) that best completes the following questions (18- 35):**

**18. His manners are a witness ______ his rudeness.**

A. of B. for
C. to D. with

ব্যাখ্যাঃ Witness to - সাক্ষ্য বহন করে/প্রমাণ করে।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**19. One of the professor's greatest attributes is ______**

A. when he gives lectures
B. how in the manner that he lectures
C. her ability to lecture
D. the way to give lectures

Sentence completion

ব্যাখ্যাঃ Ability - (N.) সামর্থ্য।
Able - (Adj.) সক্ষম।
Enable - (V.) সক্ষম করা।
প্রদত্ত Sentence টি তে বলা হয়েছে 'Professor এর অন্যতম বড় গুণ হচ্ছে তার লেকচার দেওয়ার সামর্থ্য (ability to lecture)।'
**Ans : C.**

**20. ______ , he would have been able to pass the examination.**

Conditional

A. If he studied more  B. If he were studying more
C. Had he studied more  D. Studying more

ব্যাখ্যাঃ Sentence এর দ্বিতীয় অংশ would have been আছে তাই এটি 3rd Conditional এর উদাহরণ সুতরাং প্রথম অংশে Past Perfect হবে।
**Ans : C.**

**21. Anis said, "I must write a letter." The indirect speech is -**

Narration

A. Anis said he must writing a letter.
B. Anis said that he must write a letter.
C. Anis said that he had to write a letter.
D. Anis said that he must be write a letter.

ব্যাখ্যাঃ Direct speech এ must থাকলে Indirect করার সময় নিম্নের দুটি নিয়ম প্রযোজ্য হবে।
i) must দ্বারা চিরন্তন সত্য বুঝালে must অপরিবর্তিত থাকবে। যেমন- He must respect his parents.
ii) must দ্বারা চিরন্তন সত্য না বুঝালে must এর পরিবর্তে had to হবে। প্রদত্ত sentence দ্বারা চিরন্তন সত্য বুঝাচ্ছে না। তাই had to হবে।
**Ans : C.**

**22. The chairman requested that ______**

A. the members studied more carefully the problem
B. the member study the problem more carefully
C. with more carefulness the problem could be studied
D. the problem was more carefulnessly studied

ব্যাখ্যাঃ 'Request' Subjunctive word তাই that এর পরে verb এর Simple form হবে।
**Ans : B.**

Subjunctive

**23. She gave ______**

A. to the class a tough assignment
B. a tough assignment for the class
C. the class a tough assignment
D. an assignment very tough to the class

Verb

ব্যাখ্যাঃ Sentenceটি দুই ভাবে সম্ভব -
Sub + verb + Indirect object + Direct object অথবা,
Sub + verb + Direct object + to + Indirect object.
She gave the class a tough assignment.
অথবা She gave a tough assignment to the class.
**Ans : C.**

**24. ______ did Sekandar realize that there was danger.**

A. Only after entering the store
B. When he entered the store
C. After he had entered the store
D. Upon entering the store

Adverb

ব্যাখ্যাঃ কোন কিছু জোর দেওয়া বোঝাতে Inversion ব্যবহার করা হয়। সেক্ষেত্রে Sentence এর Structure হল-
Adverb + auxiliary + subject + verb + extention.
অনুরূপভাবে- Only after entering the store did Sekandar realize that there was danger.
**Ans : A.**

**25. The teacher had her students ______ experiences with ESP.**

A. had written any compositions for his
B. to write composition about the
C. wrote some composition of his or her
D. write a composition on their

Verb

ব্যাখ্যাঃ Causative verb have/had এর ক্ষেত্রে দুটি Rule -
i) Have/Had + object ব্যক্তিবাচক হলে পরবর্তী verb টি present form হবে।
ii) Have/Had + object বস্তুবাচক হলে পরবর্তী verb টি past participle form হবে।
**Ans : D.**

**26. Many of the international problems we are now facing ______**

Sentence completion

A. linguistic incompetencies
B. are because of not understanding themselves
C. are the result of misunderstandings
D. lacks of the intelligent capabilities of understanding each other

ব্যাখ্যাঃ অপশন (C) ছাড়া বাকি গুলোর Word order / Meaning ঠিক নাই।
**Ans : C.**

**27. ______ returned the library books in time.**

A. Most of boys  B. The most boys
C. The many of the boys  D. Most of the boys

ব্যাখ্যাঃ Most of boys, The most boys, The many of the boys-এই তিনটি অপশনই ভুল। sentence টি সঠিক করার জন্য শূন্যস্থানে Most of the boys হবে।
**Ans : D.**

Determiner

**28. The students liked that professor's course because ______**

A. there was few if any homework
B. there was little or no homework
C. of there wasn't a great amount of homework
D. not a lot of homework

Determiner

ব্যাখ্যাঃ Because এর পর Clause আসে। আবার Homework Uncountable noun তাই এর পূর্বে little or no টি ব্যবহৃত হবে।
**Ans : B.**

**29. He has received several scholarships ______**

A. because of his academic and artistic ability
B. for both his academic ability as well as his artistic
C. not only because of his artistic but his academic ability
D. as resulting of his ability in the art and the academy

ব্যাখ্যাঃ Because of এর পর Phrase আসে তাই (A) সঠিক। both এর পরে as well as আসে না। both....and হবে। তাই (B) ভুল Not only because একসাথে বসে না তাই (C) ভুল। আর অপশন (D) Grammatically word order ভুল আছে।
**Ans : A.**

Conjunction

**30. Sweet ______ the uses of adversity.**

A. is  B. was  C. are  D. has

ব্যাখ্যাঃ Sweet are the uses of adversity উক্তিটি Shakespeare এর বিখ্যাত Classic 'As you like it' থেকে উদ্ধৃত।
**Ans : C.**

Literature

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**31. An extrovert is a person who -**
A. likes isolation.
B. does not enjoy the company of others.
C. shares his cheerful feelings.
D. keeps himself aloof from others.

ব্যাখ্যাঃ একজন extrovert হলেন তিনি যে তার আনন্দ অনুভূতি সবার সাথে Share করেন।
**Ans : C.** one word substitution

**32. Automobile production in the United States ____**
A. have taken slumps and rises in recent years
B. are going up and down all the time
C. has been erratically lately
D. has been rather erratic recently

sentence completion
**Ans : C.**

**33. She wanted to serve some coffee to her guests; however, _______** Determiner
A. she did not have much sugar
B. there was not a great amount of the sugar
C. she hadn't sugar much
D. she was lacking in amount of the sugar

ব্যাখ্যাঃ Sugar Uncountable Noun তাই এর পূর্বে much বসবে। আবার Uncountable noun এর পূর্বে কখনও article বসে না। তাই অপশন (B) এবং (D) দুটোই ভুল।
**Ans : A.**

**34. The skiers would rather _______ through the mountains than go by bus.**
A. to travel on train B. travel by train
C. travelled by train D. travelling by the train

ব্যাখ্যাঃ Would Rather এর ক্ষেত্রে দুটি rule -
i) Sentence টি বর্তমান ধারণা প্রকাশ করলে Would rather এর পর verb এর present form হবে।
ii) Sentence টি অতীত ধারণা প্রকাশ করলে Would rather এর পর have + verb এর past participle form হবে।
প্রদত্ত Sentence টি দ্বারা বর্তমান ধারণা প্রকাশ করছে।
**Ans : B.** Right form of verb

**35. The man waiting to take the test was very nervous. He _______ it before.**
A. hadn't taken B. didn't took
C. hasn't taken D. wasn't taking

ব্যাখ্যাঃ অতীত কালের অপেক্ষাকৃত দুটি কাজের মধ্যে যে কাজটি আগের তা Past perfect tense হয়। সেক্ষেত্রে before এর পূর্বের অংশ past perfect tense হবে। tense
**Ans : A.**

## সাধারণ জ্ঞান-৩০

**১. 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?**
ক. শামসুর রাহমান খ. জীবনানন্দ দাস
গ. সৈয়দ শামসুল হক ঘ. আল মাহমুদ
**সঠিক উত্তর ঃ খ.**

**২. কার্ল মার্কস লিখিত গ্রন্থ কোনটি?**
ক. ইডিপাস খ. দাস ক্যাপিটাল গ. ওয়ার অ্যান্ড পিস ঘ. হ্যামলেট

ব্যাখ্যা: • কার্ল মার্কস জন্মগ্রহণ করেন- ১৮১৮ সালে জার্মানীতে। মৃত্যুবরণ করেন- ১৮৮৩ সালে যুক্তরাজ্যে।
• বিখ্যাত গ্রন্থ- ডাস ক্যাপিটাল।
• তার বিখ্যাত তত্ত্ব- উদ্বৃত্ত মূল্যতত্ত্ব, শ্রেণী সংগ্রাম, ইত্যাদি।
• তিনি সমাজতন্ত্রের প্রবর্তক।
**সঠিক উত্তর ঃ খ.**

**৩. 'অর্থশাস্ত্র' বইটির লেখক কে?**
ক. অমর্ত্য সেন খ. কৌটিল্য গ. পাণিনি ঘ. মনমোহন সিং

ব্যাখ্যা: 'অর্থশাস্ত্র' বইটি একাধারে সমাজ, রাজনীতি, প্রশাসন, ব্যবস্থা, অর্থ ব্যবস্থা, ধর্মের নানা দিক, কৃষি, ভূতত্ত্ব, পশুপালন ইত্যাদি বিষয় নিয়ে রচিত হয়েছে এই বই।
• খ্রিস্টপূর্ব তিনশতক পূর্বে এ গ্রন্থটির রচয়িতা ছিলেন চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী কৌটিল্য।
**সঠিক উত্তর ঃ খ.**

**৪. চট্টগ্রাম যুব বিদ্রোহের নেতা ছিলেন-**
ক. চিত্তরঞ্জন দাস খ. ক্ষুদিরাম গ. সূর্য সেন ঘ. যাত্রামোহন সেন

ব্যাখ্যা: • ১৯৩০ সালে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে চট্টগ্রামে যুব বিদ্রোহের নেতৃত্বে ছিলেন মাস্টারদা সূর্যসেন।
• মাস্টারদা সূর্যসেনকে ফাঁসি দেওয়া হয় ১৯৩১ সালে।
**সঠিক উত্তর ঃ গ.**

**৫. কনস্টান্টিনোপল শহরটি বর্তমানে কী নামে পরিচিত?**
ক. আন্দ্রিয়ানোপল খ. ফ্লোরেন্স গ. ইস্তানবুল ঘ. এথেন্স

ব্যাখ্যা: • তুরস্কের অন্যতম বৃহত্তম শহর কনস্টান্টিনোপল শহরের বর্তমান নাম ইস্তানবুল।
• ইস্তানবুল থেকে রাজধানী স্থানান্তর করা হয় ১৯২৩ সালে।
• ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী অবস্থিত তুরস্কে।
• আধুনিক তুরস্কের জনক - মোস্তফা কামাল আতাতুর্ক।
• ইস্তানবুল নগরীটি এশিয়া ও ইউরোপ দুই মহাদেশে অবস্থিত।
**সঠিক উত্তর ঃ গ.**

**৬. 'বাইসাইকেল থিফ' চলচ্চিত্রটি কোন দেশে নির্মিত হয়েছে?**
ক. ফ্রান্স খ. ইতালি গ. জার্মানি ঘ. স্পেন
**সঠিক উত্তর ঃ খ.**

**৭. 'দৈনিক আজাদ' পত্রিকার সম্পাদক কে ছিলেন?**
ক. মওলানা আবুল কালাম আজাদ খ. মাওলানা শওকত আলী
গ. মওলানা আকরাম খাঁ ঘ. মওলানা মোহাম্মদ আলী

ব্যাখ্যা: মওলানা মুহাম্মদ আকরাম খাঁ সম্পাদিত দৈনিক আজাদ সর্ব প্রথম ১৯৩৬ সালে কলকাতা থেকে প্রকাশিত হয়।
**সঠিক উত্তর ঃ গ.**

**৮. 'বেনগাজি' কোন দেশের শহর?**
ক. ইরাক খ. লিবিয়া গ. সিরিয়া ঘ. ইরান

ব্যাখ্যা: লিবিয়ার বিখ্যাত শহর - ত্রিপোলী (রাজধানী), বেনগাজি, সিরতে।
সিরিয়ার বিখ্যাত শহর - দামেস্ক (রাজধানী), আলেপ্পো, হামা, ইদলিব, লটাকিয়া, হোমস, দারা, রাকা, ইত্যাদি।
ইরাকের বিখ্যাত শহর - বাগদাদ (রাজধানী), ইরবিল, মসুল, বসরা, ফালুজা, কিরকুক, রামাদি, তিকরিত ইত্যাদি।
**সঠিক উত্তর ঃ খ.**

**৯. মার্কিন যুক্তরাষ্ট্রের আইন সভার নাম কী?**
ক. কংগ্রেস খ. সিনেট গ. ডায়েট ঘ. পার্লামেন্ট

ব্যাখ্যা: মার্কিন যুক্তরাষ্ট্রের আইন সভার নাম- কংগ্রেস
নিম্নকক্ষের নাম- হাউস অব রিপ্রেজেনটেটিভ
উচ্চকক্ষের নাম- সিনেট।
**সঠিক উত্তর ঃ ক.**

**১০. 'নির্দলীয় তত্ত্বাবধায়ক' সরকার বিলুপ্ত করা হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?**
ক. ত্রয়োদশ খ. চর্তুদশ গ. দ্বাদশ ঘ. পঞ্চদশ

ব্যাখ্যা: নির্দলীয় তত্ত্বধায়ক সরকার গঠন করা হয়- ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে
তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্তি হয়- পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে
**সঠিক উত্তর ঃ ঘ.**

**১১. শক্তিশালী হারিকেন 'প্যাট্রিসিয়া' সম্প্রতি কোন দেশের উপকূলে আঘাত হানে?**
ক. চিলি খ. কলম্বিয়া গ. মেক্সিকো ঘ. আর্জেন্টিনা

ব্যাখ্যা: ২০ অক্টোবর ২০১৫ তে হ্যারিকেন 'প্যাট্রিসিয়া' মধ্য আমেরিকা, মেক্সিকোতে আঘাত হানে।
**সঠিক উত্তর ঃ গ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১২. বাংলায় 'ফরায়েযি' আন্দোলনের জনক ছিলেন-
ক. সৈয়দ আহমদ শরীফ খ. টিপু সুলতান
গ. হাজী শরীয়ত উল্লাহ্ ঘ. তিতুমীর

ব্যাখ্যা: ফরায়েজি আন্দোলনের উদ্যাক্তা ছিলেন- হাজী শরীয়তউল্লাহ
• হাজী শরিয়তউল্লাহ্ ফরায়েজী আন্দোলন শুরু করেন- ১৮১৮ সালে।
• ফরায়েজী আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল- ফরিদপুর।
• ১৮৪০ সালে হাজী শরীয়তউল্লাহর মৃত্যুর পর নেতৃত্ব দেন তার ছেলে দুদু মিয়া।
সঠিক উত্তর ঃ গ.

১৩. মুক্তিযুদ্ধকালে প্রকাশিত পত্রিকা কোনটি?
ক. জয়বাংলা খ. মিল্লাত গ. যুগভেরী ঘ. আমোদ

সঠিক উত্তর ঃ ক.

১৪. 'কোন জন ভারতীয় চলচ্চিত্র-নির্মাতা নন?
ক. সত্যজিৎ রায় খ. ঋত্বিক ঘটক
গ. সুভাষ দত্ত ঘ. মৃণাল সেন

ব্যাখ্যা: • সুভাষ দত্ত বাংলাদেশের বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা ও অভিনেতা।
• প্রথম অভিনয়- এদেশ তোমার আমার।
• তার পরিচালিত প্রথম চলচ্চিত্র- সুতরাং।
• তার পরিচালিত ছবি- সুতরাং, আবির্ভাব, কাগজের নৌকা, পালাবদল, বিনিময়, অরুণোদয়ের অগ্নিসাক্ষী, ও আমার ছেলে ইত্যাদি।
• ১৯৩০ সালে দিনাজপুরে জন্মগ্রহণ করেন, ২০১২ সালে ঢাকায় মৃত্যুবরণ করেন।
সঠিক উত্তর ঃ গ.

১৫. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র নয়?
ক. আগুনের পরশমণি খ. ওরা এগারজন
গ. জয়যাত্রা ঘ. সারেং বৌ

ব্যাখ্যা: • 'সারেং বৌ' শহীদুল্লাহ্ কায়সারের বিখ্যাত উপন্যাস।
• বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের মানুষের জীবন সংগ্রামের গল্পে নির্মিত হয় এই উপন্যাস।
• ১৯৭৮ সালে আবদুল্লাহ্ আল মামুনের পরিচালনায় এটি প্রথম চলচ্চিত্র হিসেবে মুক্তি পায়।
সঠিক উত্তর ঃ ঘ.

১৬. কোন টেনিস খেলোয়ার মহিলা- এককে একবারও 'গ্রান্ড স্লাম' জিতেন নি?
ক. সানিয়া মির্জা খ. সেরেনা উইলিয়ামস
গ. মার্টিনা হিঙ্গিস ঘ. মার্টিনা নাভ্রাতিলোভা

সঠিক উত্তর ঃ ক.

১৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর 'অসমাপ্ত আত্মজীবনী'র ইংরেজি অনুবাদ করেন-?
ক. সৈয়দ মনজুরুল ইসলাম খ. রফিকুল ইসলাম
গ. ফকরুল আলম ঘ. সিরাজুল ইসলাম চৌধুরী

ব্যাখ্যা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' এর ইংরেজী অনুবাদক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ফকরুল আলম। এর ইংরেজী নাম- 'The Unfinished Memoirs'.
সঠিক উত্তর ঃ গ.

১৮. কোন ফুটবল খেলোয়ার দক্ষিণ আমেরিকান নাগরিক নন?
ক. প্লাতিনি খ. ম্যারাডোনা গ. সোয়ারেজ ঘ. পেলে

ব্যাখ্যা: ফ্রান্সের কিংবদন্তী খেলোয়াড় মিশেল প্লাতিনি।
অপশনের বাকী সব খেলোয়াড় দক্ষিণ আমেরিকার।
সঠিক উত্তর ঃ ক.

১৯. 'মনপুরা' চিত্রকর্মের শিল্পী কে?
ক. জয়নুল আবেদিন খ. এস.এম. সুলতান
গ. কামরুল হাসান ঘ. শফিউদ্দিন আহমেদ

ব্যাখ্যা:

| | |
|---|---|
| শিল্পাচার্য জয়নুল আবেদীন | দুর্ভিক্ষ চিত্রমালা, ম্যাডেনা- ৪৩, সংগ্রাম, নবান্ন, মনপুরা- ৭০, গায়ের বধু |
| এস.এম সুলতান | হত্যাযজ্ঞ, চরদখল |
| কামরুল হাসান | নাইওর, তিন কন্যা |

সঠিক উত্তর ঃ ক.

২০. 'ছয়দফা' ঘোষণা করা হয়-
ক. ১৯৬৮ খ্রি. খ. ১৯৬৬ খ্রি. গ. ১৯৬৯ খ্রি. ঘ. ১৯৬২ খ্রি.

ব্যাখ্যা: • ছয় দফা কর্মসূচী ঘোষণা করা হয়- ৬ ফেব্রুয়ারী ১৯৬৬।
• লাহোরে বিরোধী দলসমূহের সম্মেলন।
• ছয় দফা রচিত হয়- সিমলা প্রস্তাবের ভিত্তিতে।
সঠিক উত্তর ঃ খ.

২১. সিলেটের অপর নাম কী?
ক. জালালাবাদ খ. ইসলামাবাদ গ. আহমেদাবাদ ঘ. হোসনাবাদ

ব্যাখ্যা: সিলেটের পূর্ব নাম- শ্রীহট্ট ; সিলেটের অপরনাম- জালালাবাদ
সঠিক উত্তর ঃ ক.

২২. 'বীরবল' কার ছদ্মনাম?
ক. জীবনানন্দ দাশ খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. প্রমথ চৌধুরী ঘ. মধুসূদন দত্ত

সঠিক উত্তর ঃ গ.

২৩. 'ফোর্ট উইলিয়াম' ভারতের কোন শহরে অবস্থিত?
ক. চেন্নাই খ. চন্ডিগড় গ. কলকাতা ঘ. দিল্লি

ব্যাখ্যা: • ফোর্ট উইলিয়াম ভারতের কলকাতা শহরে অবস্থিত।
• ১৭০৬ সালে এর নির্মাণ কাজ সমাপ্ত হয়।
• ১৭৫৬ সালের ১৯ জুন নবাব সিরাজউদ্দৌলা এ দূর্গ দখল করেন।
সঠিক উত্তর ঃ গ.

২৪. "India wins Freedom" গ্রন্থের লেখক কে?
ক. মতিলাল নেহেরু খ. চিত্তরঞ্জন দাস
গ. জওহরলাল নেহেরু ঘ. আবুল কালাম আযাদ

সঠিক উত্তর ঃ ঘ.

২৫. 'দীন-ই-ইলাহী' ধর্মমতের প্রবক্তা কে?
ক. সম্রাট আকবর খ. সম্রাট জাহাঙ্গীর
গ. সম্রাট বাবর ঘ. সম্রাট আওরঙ্গজেব

ব্যাখ্যা: সকল ধর্মের সারকথা নিয়ে সম্রাট আকবর নতুন ধর্মমত প্রতিষ্ঠা করেন। এর নাম দেন দীন-ই-ইলাহি (১৫৮২)।
সঠিক উত্তর ঃ ক.

২৬. কোন দেশের বিরুদ্ধে বাংলাদেশ প্রথম টেস্ট ক্রিকেটে জয়লাভ করে?
ক. পাকিস্তান খ. জিম্বাবুয়ে গ. শ্রীলঙ্কা ঘ. ওয়েস ইন্ডিজ

ব্যাখ্যা: প্রথম টেস্ট - ভারতের বিপক্ষে (২০০০ সালে)।
প্রথম টেস্ট অধিনায়ক - নাইমুর রহমান দুর্জয়।
প্রথম টেস্ট শতক - আমিনুল ইসলাম বুলবুল।
প্রথম জয় - জিম্বাবুয়ে বিরুদ্ধে চট্টগ্রামে (২০০৫ সালে)।
প্রথম হ্যাটট্রিক - অলক কাপালি, পাকিস্তানের বিপক্ষে।
সঠিক উত্তর ঃ খ.

২৭. অমর্ত্য সেন কোন বিষয়ে বিশেষ অবদানের জন্য নোবেল পুরস্কার পেয়েছেন?
ক. চিকিৎসা বিজ্ঞান খ. পদার্থবিদ্যা গ. অর্থনীতি ঘ. গণিত

ব্যাখ্যা: দুর্ভিক্ষা ও দারিদ্র নিয়ে গবেষণার জন্য ১৯৯৮ সালে অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার পান।
সঠিক উত্তর ঃ গ.

২৮. রবীন্দ্রনাথ রচিত ছোট গল্প কোনটি?
ক. মহামায়া খ. এক পেয়ালা চা গ. আরো দুটি মৃত্যু ঘ. তাঁতি বৌ

ব্যাখ্যা: রবীন্দ্রনাথ রচিত গল্পগ্রন্থ 'গল্পগুচ্ছ' এর বিখ্যাত ছোট গল্প 'মহামায়া'।
সঠিক উত্তর ঃ ক.

২৯. 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করা হয়-
ক. ১৭৯৭ খ্রি. খ. ১৭৭৫ খ্রি. গ. ১৭৯৩ খ্রি. ঘ. ১৭৮৫ খ্রি.

ব্যাখ্যা: ১৭৯৩ খ্রি. লর্ড কর্ণওয়ালিশ চিরস্থায়ী বন্দোবস্ত চালু করেন।
সঠিক উত্তর ঃ গ.

৩০. ২০১৫ সালে কে 'ওয়ার্ল্ড ফুড প্রাইজ' অর্জন করেছেন?
ক. ড. মুহম্মদ ইউনূস খ. বেগম মতিয়া চৌধুরী
গ. স্যার ফজলে হোসেন আবেদ ঘ. ড. আবদুর রাজ্জাক

ব্যাখ্যা: ব্যাকের চেয়ারম্যান স্যার ফজলে হোসেন আবেদ ২০১৫ সালে World Food Prize অর্জন করেন।
সঠিক উত্তর ঃ গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ইউনিট-D)
প্রথম বর্ষ (সম্মান)
শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬

### বাংলা-৩০

**১. মুক্তিযুদ্ধ বিষয়ক প্রথম উপন্যাস কোনটি?**
ক. হাঙর নদী গ্রেনেড খ. নিষিদ্ধ লোবান
গ. রাইফেল রোটি আওরাত ঘ. প্রিয় যোদ্ধা প্রিয়তম

**ব্যাখ্যা:** আনোয়ার পাশা রচিত 'রাইফেল রোটি আওরাত' মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রথম উপন্যাস। রচনাকাল- ১৯৭১ সালের এপ্রিল থেকে জুন। উপন্যাসটি প্রকাশিত হয় - ১৯৭৩ সালে।
**সঠিক উত্তর ঃ গ.**

**২. প্রমথ চৌধুরীর মতে সাহিত্যের উদ্দেশ্য কী?**
ক. শিক্ষাদান খ. মনোরঞ্জন
গ. উপদেশ দান ঘ. আনন্দ দান

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**৩. কোনটি শরৎচন্দ্রের রচনা নয়?**
ক. ঘরে বাইরে খ. দেনা পাওনা
গ. চরিত্রহীন ঘ. দেবদাস

**ব্যাখ্যা:** 'ঘরে বাইরে' রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত রাজনৈতিক উপন্যাস। চরিত্রহীন, দেনা পাওনা, দেবদাস শরৎচন্দ্র চট্টোপাধ্যায় এর উপন্যাস।
**সঠিক উত্তর ঃ ক.**

**৪. কোন্ গল্পটি মুক্তিযুদ্ধ ভিত্তিক?**
ক. কলিমদ্দি দফাদার খ. একুশের গল্প
গ. অপরাহ্নের গল্প ঘ. একটি তুলসী গাছের কাহিনী

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর ঃ ক.**

**৫. 'একটি তুলসী গাছের কাহিনী' রচনায় গল্প-প্রিয় চরিত্র কোনটি?**
ক. মতিন খ. আমজাদ
গ. কাদের ঘ. মোদাব্বের

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর ঃ গ.**

**৬. 'সোনার তরী' কবিতায় মাঝি কিসের বা কার প্রতীক?**
ক. নৌকাচালক খ. শ্রমজীবী মানুষ
গ. মৃত্যুদূত ঘ. মহাকাল

**ব্যাখ্যা:** ক্ষুরের মতো ধারালো জলস্রোতে গান গাইতে গাইতে যে মাঝি পারের দিকে এগিয়ে আসছে, রবীন্দ্র-ভাবনায় সে নির্মোহ মহাকালের প্রতীক।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**৭. কোন্ বিশ্ববিদ্যালয় জসিমউদ্দীনকে ডক্টর অব লিটারেচার উপাধি দিয়ে সম্মানিত করে?**
ক. কলকাতা খ. যাদবপুর
গ. রবীন্দ্রভারতী ঘ. চট্টগ্রাম

**সঠিক উত্তর ঃ গ.**

**৮. প্রকৃতি ও মানব মনের সম্পর্ক তুলে ধরা হয়েছে কোন্ কবিতায়?**
ক. সোনার তরী খ. জীবন বন্দনা
গ. তাহারেই পড়ে মনে ঘ. একটি ফটোগ্রাফ

**ব্যাখ্যা:** 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ তথ্য-
- কবিতায় প্রকৃতি ও মানব মনের সম্পর্কে তাৎপর্যময় অভিব্যক্তি প্রকাশ পেয়েছে।
- কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনায় ছায়াপাত ঘটেছে।
- কবির স্বামী সৈয়দ নেহাল হোসেনের মৃত্যুতে কবির জীবনে প্রচন্ড শূন্যতা নেমে আসে।
- কবিতাকে আচ্ছন্ন করে আছে বিষাদময় রিক্ততার সুর।
- বসন্ত এলেও কবির অন্তর জুড়ে রিক্ত শীতের করুণ বিদায়ের বেদনা।

**সঠিক উত্তর ঃ গ.**

**৯. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন্ গ্রন্থে সংকলিত হয়েছে?**
ক. ঘুম নেই খ. ছাড়পত্র
গ. পূর্বাভাষ ঘ. মিঠেকড়া

**ব্যাখ্যা:** "আঠারো বছর বয়স" কবিতাটি ১৯৪৮ সালে প্রকাশিত। কবিতাটি ছাড়পত্র কাব্যগ্রন্থ থেকে সংকলিত এবং মাত্রাবৃত্ত ছন্দে রচিত।
**সঠিক উত্তর ঃ খ.**

**১০. কোন্ বানানটি শুদ্ধ নয়?**
ক. দুষ্প্রাপ্য খ. স্নেহাস্পদ গ. নিষ্পত্তি ঘ. পরষ্পর

**ব্যাখ্যা:** গুরুত্বপূর্ণ কিছু বানান-

| | | | | |
|---|---|---|---|---|
| বৃহস্পতি | পরস্পর | বনস্পতি | তস্কর | পরিষ্কার |
| পুরস্কার | তিরস্কার | আবিষ্কার | ইতস্তত | দুস্থ |

**সঠিক উত্তর ঃ ঘ.**

**১১. কোনটি চীনা ভাষা থেকে আগত শব্দ?**
ক. চা খ. চাবি গ. চাকু ঘ. চাঁদা

**ব্যাখ্যা:** চীনা শব্দ- চা, চিনি, লিচু, এলাচি, তুফান, সাম্পান ইত্যাদি।
**সঠিক উত্তর ঃ ক.**

**১২. 'জীবনস্রোত' কোন্ ধরনের কর্মধারয় সমাসের উদাহরণ?**
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. মধ্যপদলোপী

**ব্যাখ্যা:** কিছু রূপক কর্মধারয় সমাসের উদাহরণ-
জীবনস্রোত- জীবন রূপ স্রোত; মনমাঝি- মন রূপ মাঝি
বিদ্যাধন- বিদ্যা রূপ ধন; বিষবৃক্ষ- বিষ রূপ বৃক্ষ।
**সঠিক উত্তর ঃ গ.**

**১৩. কোনটি ক্রিয়া বাচক শব্দের দ্বিরুক্তি?**
ক. কালো কালো মেঘ খ. ডেকে ডেকে সারা
গ. ছোট ছোট গ্রাম ঘ. পায়ে পায়ে হাঁটা

**ব্যাখ্যা:** সামান্যতা বোঝাতে (বিশেষ্য) - জ্বর জ্বর
আধিক্য বোঝাতে - ভালো ভালো, রাশি রাশি।
সামান্যতা বোঝাতে (বিশেষণ) - কাল কাল চেহারা।
তীব্রতা বোঝাতে - নরম নরম, লাল লাল।
বহুবচন বোঝাতে - যে যে, কে কে।
ক্রিয়াবাচক বোঝাতে - ডেকে ডেকে, ফিরে ফিরে।
**সঠিক উত্তর ঃ খ.**

**১৪. Worldview শব্দের বাংলা পরিভাষা কোনটি?**
ক. জাগতিক দর্শন খ. বিশ্বদৃষ্টি গ. জগতের দৃষ্টিকোণ ঘ. বিশ্ব দর্শন

**ব্যাখ্যা:** গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-
Climax - মহামুহূর্ত। Executive - নির্বাহী।
Coup - অভ্যুত্থান। Glossary - টীকাপঞ্জি।
Divulge - প্রকাশ করা। Housing - আবাসন।
Eradication - উচ্ছেদ। Indigenous - স্বদেশী।
Epicurism - ভোগবাদ। Worldview - বিশ্বদর্শন।
**সঠিক উত্তর ঃ ঘ.**

**১৫. একুশের প্রথম কবিতা কে লিখেছেন?**
ক. আবদুল গাফফার চৌধুরী খ. মাহবুবুল আলম চৌধুরী
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. হাসান হাফিজুর রহমান

**ব্যাখ্যা:** ভাষা আন্দোলন ভিত্তিক-
প্রথম উপন্যাস - আরেক ফাল্গুন (জহির রায়হান)
প্রথম নাটক - কবর (মুনীর চৌধুরী)
প্রথম কবিতা - কাঁদতে আসেনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি, (মাহবুব উল আলম চৌধুরী)
**সঠিক উত্তর ঃ খ.**

**১৬. কোনটি বিয়োগান্তক নাটক নয়?**
ক. রক্তাক্ত প্রান্তর খ. নীলদর্পণ
গ. কৃষ্ণকুমারী ঘ. চিরকুমার সভা

**ব্যাখ্যা:** 'চিরকুমার সভা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি প্রহসন, নাটক।
**সঠিক উত্তর ঃ ঘ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৭. কোন্ কবিকে ছন্দের যাদুকর বলা হয়?**
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. জীবনানন্দ দাশ

**ব্যাখ্যা:** ছান্দসিক কবি- আব্দুল কাদির
কাব্য সুধাকর- গোলাম মোস্তফা
